

জেলা পরিষদ কার্যালয়

গোপালগঞ্জ

zp.gopalganj.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৪২.৩৫০০.০০০.১১.০০১.২৩- ৬ ৬ ৫

তারিখ: ০৩/১০/২০২৩ খ্রিঃ।

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ৯ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.১৯.৪৬ স্মারক এবং ০৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.১৯.১৮৮২ স্মারকের প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা পরিষদ, গোপালগঞ্জ কার্যালয়ে নিম্নবর্ণিত শূন্যপদ পূরণের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের পুনঃদরখাস্ত আহবান করা যাচ্ছে। ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।


ক্রমিক নং	পদের নাম	বেতনস্কেল	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী হিসাব রক্ষক	টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪)	১ (এক)	৩০ বছর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি এবং প্রাতিষ্ঠানিক কাজে অভিজ্ঞতা।
২।	অফিস সহায়ক	টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০)	১ (এক)	৩০ বছর	৮ম শ্রেণি পাশ।

শর্তাবলী

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা ও নাগরিক হতে হবে।
- আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম গোপালগঞ্জ জেলা পরিষদের ওয়েবসাইট (zp.gopalganj.gov.bd) এবং এ কার্যালয় হতে পাওয়া যাবে।
- আবেদন ফরম স্বহস্তে পূরণ করতে হবে এবং আবেদন ফরমে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।
- আবেদনকারীর বয়স আগামী ০৮/৬/২০২৩ খ্রিঃ তারিখে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :-
  - সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
  - সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রস্মিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
  - জাতীয় পরিচয়পত্র বা অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
  - ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
  - অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- সহকারী হিসাব রক্ষক পদে আবেদনের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক কাজে অবশ্যই অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই। এ পদে আবেদনের ক্ষেত্রে আবশ্যিক ভাবে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ইস্যুকৃত অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে।
- আগামী ০৫/১১/২০২৩ তারিখ বিকাল ৪ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি এ কার্যালয়ে আবেদনপত্র পৌঁছাতে হবে।
- খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হতে।

Appoin notice

- ৯। আবেদন পত্রের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গোপালগঞ্জের অনুকূলে গোপালগঞ্জ জেলার যেকোন তফসিলভুক্ত ব্যাংকের উপর ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- ১০। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে ১০/- (দশ) টাকা মূল্যের অব্যহত ডাকটিকিটযুক্ত নিজ নাম ঠিকানা সম্বলিত একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।
- ১১। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত/নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১২। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যাতায়াত বাবদ কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- ১৩। আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- ১৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে। কোটার জন্য প্রার্থীকে তার দাবির স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।
- ১৫। দরখাস্ত বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত হলে প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- ১৬। চাকুরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা এবং ডোপটেস্ট সম্পন্ন করতে হবে।
- ১৭। নিয়োগ সম্পর্কে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(দেবপ্রসাদ পাল)  
০৩/১০/২০২৩

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, গোপালগঞ্জ।

স্মারক নং-৪৬.৪২.৩৫০০.০০০.১১.০০১.২৩-৫৫৫/১(৩০)

তারিখ: ০৩/১০/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ..... (সকল)।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
- ৬। সিভিল সার্জন, গোপালগঞ্জ।
- ৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোপালগঞ্জ।
- ৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
- ৯। চেয়ারম্যান, সদর/টুঙ্গিপাড়া/কোটালীপাড়া/কাশিয়ানী/মুকসুদপুর, উপজেলা পরিষদ, গোপালগঞ্জ।
- ১০। মেয়র/গোপালগঞ্জ/কোটালীপাড়া/টুঙ্গিপাড়া/মুকসুদপুর, পৌরসভা।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, সদর/টুঙ্গিপাড়া/কোটালীপাড়া/কাশিয়ানী/মুকসুদপুর।
- ১২। জেলা তথ্য অফিসার, গোপালগঞ্জ।
- ১৩। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, গোপালগঞ্জ।
- ১৪। প্রধান সহকারী, জেলা পরিষদ, গোপালগঞ্জ।
- ১৫। নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট নথি।

  
(প্রধান নির্বাহী কর্মকর্তা)  
০৩/১০/২০২৩  
জেলা পরিষদ, গোপালগঞ্জ।